

- ৩। যত সব ফলাফল চিল, মূল সহ ভাসাইয়া নিল,  
আমার মুক্তি তরুর মূল ভেঙ্গে, বন্যায় ডুবাল।  
যত বৈদিক ক্রিয়া, গেল ধুয়ে গো,  
তাই দেখে চিত্রগুপ্ত অবাক হয় ॥
- ৪। প্রেম বন্যায় প্লাবিত হ'য়ে ত্রিভুবন গেল তলাইয়ে,  
গৌসাই মহানন্দ তারকচন্দ্র, যায় জোয়ার দিয়ে।  
গৌসাই গোলোকচন্দ্র মকর হ'য়ে গো,  
ছঙ্করে কাম কুণ্ডীর তাড়িয়ে দেয় ॥
- ৫। হরিচাঁদের ভক্ত যত, দেখে সেই প্রেম-বন্যার স্রোত  
পরমহংস হ'য়ে কেলী করে হ'য়ে উন্মত্ত।  
গৌসাই মহানন্দ বলছে ডেকে গো  
অশ্বিনী ডুব দেরে প্রেমের গোলায় ॥

## ১১০ নং তাল-একতালা

- হরিপ্রেম সাগরে বান ডেকেছে, ঘটেছে মহাপ্রলয়,  
হয়ে নামের পুবন, উঠল তুফান, ভীষণ প্রলয় হয়েছে ॥
- ১। সত্য ত্রেতা দ্বাপরেতে যে প্রলয় না ছিল।  
এবার কলির শেষে হরিচাঁদ এসে, সেই প্রলয় ঘটালরে ॥
- ২। আইল প্রেমেরই বন্যা, বীজ মস্ত্র নাশ হল।  
এবার তা দেখিয়া, পঞ্চ জনার আনন্দ বাড়িল রে ॥
- ৩। যে দিন শ্রীধাম ওড়াকান্দি, হরিচাঁদ উদয় হ'ল।  
জীবের চিত্ত সন্দ, কস্ম বন্ধ, সকল ঘুচে গেলরে ॥
- ৪। ওড়াকান্দির প্রেমের বন্যায়, তরঙ্গ বাড়িল।  
ও সে নারিকেল বাড়ী ডুবু ডুবু, জয়পুর ভেসে গেলরে ॥
- ৫। প্রেমের বন্যায় পাক পড়িয়া উথলে উঠিল।  
গৌসাইদশরথ লোচন, গোলকহীরামন, মৃত্যুঞ্জয় বাপ দিলরে ॥